

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
বাজেট শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০৮.১৮.২৪৯

তারিখ: ৭ বৈশাখ ১৪২৮

২০ এপ্রিল ২০২১

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের জাতীয় পরিচয়পত্রের বয়স সংশোধন প্রসঙ্গে।

- সূত্র: (১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়; স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭.২৫, তারিখঃ ১৭ জানুয়ারি ২০১৮ খ্রিঃ;
(২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়; স্মারক নং-৪৮.০০.০০০০.০০৬.৫০.০০১.১৯.৫৯৯, তারিখঃ ১৮ অক্টোবর ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, একজন বীর মুক্তিযোদ্ধার বয়স ৩০ নভেম্বর ১৯৭১ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১২ বছর ০৬ মাস বা জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ বা এর পূর্বে হতে হবে মর্মে সূত্রোক্ত 'ক' স্মারকে উল্লেখ করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত Management Information System (MIS) তথ্যভান্ডার পর্যালোচনায় দেখা যায়, ১৯৩২ জন বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রে বর্ণিত জন্ম তারিখ কাঙ্ক্ষিত নয় বিধায় উক্ত বয়সের ন্যূনতম শর্ত পরিপালন করে না। সূত্রোক্ত '২' স্মারকে ইতঃপূর্বে জাতীয় পরিচয়পত্রে নাম, ঠিকানা সহ প্রয়োজ্য ক্ষেত্রে বয়সের বিষয়টি বিগত ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সংশোধনের জন্য অনুরোধ করা হয়েছিল কিন্তু MIS তথ্যভান্ডার পর্যালোচনায় দেখা যায়, উল্লিখিত সংখ্যক বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রে প্রদর্শিত জন্ম তারিখ সংশোধিত হয়নি। ফলে বীর মুক্তিযোদ্ধার ন্যূনতম বয়সের শর্ত পরিপালন না হওয়ায় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন ২০০২ এর ৭(ঝ) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার প্রমাণক বাতিলযোগ্য এবং এ সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য নয় বিধায় সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ সংশোধন করা প্রয়োজন।

০২। এ প্রেক্ষিতে, বীর মুক্তিযোদ্ধার ন্যূনতম বয়সের শর্ত পরিপালন করা না হলে পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সুযোগ রয়েছে বিধায় আগামী ১০ মে ২০২১ তারিখের মধ্যে জাতীয় পরিচয়পত্রের বয়স সংশোধনের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের পরামর্শ প্রদানের নিমিত্ত সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণিত ১৯৩২ জনের নামের তালিকা।



২০-৪-২০২১

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

ফোন: ৯৫৫ ০১৩৩

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)
- ২) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

ইমেইল: dsbudget@molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০৮.১৮.২৪৯/১(৮)

তারিখ: ৭ বৈশাখ ১৪২৮
২০ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
- ৩) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
- ৪) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ৬) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৭) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



২০-৪-২০২১

মোঃ মতিয়ার রহমান
উপসচিব